

**বাংলা**  
**Bengali**  
**(203)**

**শিক্ষককৃত মূল্যায়ন পত্র (Tutor Marked Assignment)**

পূর্ণমান : 20

নির্দেশিকা : (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

(খ) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্টভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (AI) নাম্বার এবং বিষয় লিখুন।

1. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে) 1×2=2
- (ক) “ভাঙা নয়, গড়ার কাজেই সুস্থ “মানুষকে মনযোগ দিতে হবে।”—শুধু ভাঙা নয় কবিতায় কবির এই সত্য কোন কোন পংক্তির মাধ্যমে প্রকাশ পেয়েছে তা বর্ণনা করুন। নিজের জীবনে কীভাবে তা প্রয়োগ করবেন, উক্ত কবিতা অবলম্বনে প্রকাশ করুন। (পাঠ-2 দেখুন) 2
- (খ) শিরোমণি মহাশয়ের জলসত্রের জলপান করতে অস্বীকার করার কারণ কী? তা আপনি গল্প অবলম্বনে সংক্ষেপে বুঝিয়ে দিন এবং নিজে যদি ওই জায়গায় থাকতেন তাহলে কী করতেন নিজের ভাষায় লিখুন। 2  
(পাঠ-8 দেখুন)
2. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে) 1×2=2
- (ক) যুদ্ধের বীভৎসতা মানুষের জীবনে যে দুঃখজনক পরিণতি ঘটায় তা রবীন্দ্রনাথ ঠাকুরের ‘ধ্বংস’ গল্প অবলম্বনে বিবৃত করুন। এই ধরণের পরিস্থিতির অংশ যদি আপনি হতেন তাহলে আপনার ভাবনাচিন্তা কেমন হতো, তা নিজের ভাষায় বর্ণনা করুন। (পাঠ-5 দেখুন) 2
- (খ) ‘কুলি মজুর’, ‘ঠেলাঠেলি’—এই জাতীয় শব্দকে ব্যাকরণের পরিভাষায় কী বলে? আপনার জানা আরো দুটি শব্দের উদাহরণ সহ বিষয়টি ব্যাখ্যা করুন। (পাঠ-3 দেখুন) 2
3. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে) 1×2=2
- (ক) “ওরা চোটি নদীর তীরে ঘর বাঁধল”— ওরা কারা? তাদের যেকোন একজন সম্বন্ধে অল্প কথায় উত্তর দিন। ‘ওদের’ জায়গায় আপনি থাকলে কী করতেন? (পাঠ-16 দেখুন) 2
- (খ) সাধু ভাষায় রূপান্তর করুন :
- হিন্দু-মুসলমান মিলন সমস্যা বাস্তবিকই আমাদের নতুন করে ভাবতে হবে। আমাদের নানা ধরনের বিফলতা হয়তো তার-ই দিকে অঙ্গুলি নির্দেশ করছে। 2
4. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150 টি শব্দের মধ্যে লিখতে হবে) 1×4=4
- (ক) “তার ডাক নাম ছিল লালু, ভাল নাম অবশ্য একটা ছিলই .....”—রচনাটির লেখক কে? গল্প অবলম্বনে লালুর

কোন কোন দিক আপনার ভালো লাগে তা নিজের ভাষায় লিখুন। লালুর কোন কোন গুণের দ্বারা আপনি প্রভাবিত হয়েছেন এবং নিজের মধ্যে কোন কোন দিক খুঁজে পান তা নিজের ভাষায় লিখুন। (পাঠ-1 দেখুন) 4

(খ) নীচের সংকেতের সাহায্যে আপনার বন্ধুর কাছে একটি চিঠি লিখুন :

সংকেত : সন্ত্রাসবাদী কার্যকলাপে দিনদিন ভারত আক্রান্ত হয়ে উঠেছে। মুস্মাই থেকে শুরু করে পার্লামেন্ট হাউস, এমনকি কাশ্মীরেও অনেক সৈনিক মারা গেছেন। সেই দিকে তাকিয়ে আপনি সেনাবাহিনিতে যুক্ত হয়ে ভারত মাতার সেবা করতে চান। এই ইচ্ছা প্রকাশ করে প্রিয় বন্ধুকে পত্র লিখুন। (পাঠ-9খ দেখুন) 4

5. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150 টি শব্দের মধ্যে লিখতে হবে।) 1×4=4

(ক) “মাটির পৃথিবীপানে আঁথি মেলি যবে” — কোন কবিতার অংশ ? মাটির পৃথিবী বলতে কবি কি বুঝিয়াছেন ? এই প্রসঙ্গে কবি সাম্রাজ্যবাদী শক্তির অস্তিম পরিণতির কী ভবিষ্যৎ বাণী করেছেন ? (পাঠ-19 দেখুন) 4

(খ) ভাব সম্প্রসারণ করুন :— (পাঠ-27 দেখুন) 4

উত্তর নিশ্চিন্তে চলে অধমের সাথে

তিনিই মধ্যম যিনি চলেন তফাতে।

6. যেকোনো একটি বিষয়ের ওপর বিদ্যালয়ের ম্যাগাজিনের জন্য প্রকল্প রচনা করুন : 1×6=6

(ক) মানবিক মূল্যবোধ :

(স্তরবিন্যাস : মূল্যবোধ কী ?—মানুষের জীবনে মূল্যবোধের প্রয়োজনীয়তা—সাম্প্রতিক কালে নেতৃত্ব মূল্যবোধের অবনতির কারণ—মূল্যবোধের শিক্ষা—অবনত মূল্যবোধের জাগরণের উপায়—প্রতিবেদন।)

(খ) বনসৃজন :

(স্তরবিন্যাস : সৃষ্টির কারণ—বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা—বৃক্ষচেদনের কুফল—মানবমনে সচেতনতা বৃদ্ধি—প্রাকৃতিক ভারসাম্য রক্ষার্থে বনসৃজন—বনজ সম্পদের উৎপাদন—সুফল—লাভ—প্রতিবেদন।)